21 MAR 2003

ভোরের কাগজ

# দেশব্যাপী প্রোগ্রামিং মেধাসম্পন্ন প্রতিভা খুঁজবে ই-বিজ ও এআইইউবি

গত সোমবার ১৭ মার্চ, ২০০৩ আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অডিটোরিয়ামে তথ্য প্রযুক্তি বিষয়ক ম্যাগাজিন ই-বিজ ও আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বাংলাদেশ (এআইইউবি) এর মধ্যে/এআইইউবি ট্যালেন্ট সার্চ ২০০৩ নামক এক চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে স্বাক্ষর করেন ই-বিজ-এর প্রধান সম্পাদক মিসেস সাজু হোসেন ও এআইইউবির ভাইস চ্যান্সেলর মিসেস কারমেন জেড লামাগনা। অনুষ্ঠানে অন্যদের মধ্যে 'এআইইউবি ট্যালেন্ট সার্চ ২০০৩'-এর আয়োজকরা উপস্থিত ছিলেন। দেশব্যাপী প্রোগ্রামিং মেধাসম্পন্ন কলেজ পর্যায়ের প্রতিভা খোঁজ করতে এই ট্যালেন্ট সার্চ প্রোগ্রামের উদ্যোগ নিয়েছে ই-বিজ ও এআইইউবি।

ছয়টি বিভাগীয় শহর থেকে প্রাথমিক কুইজ প্রতিযোগিতার মাধ্যমে দল নির্বাচন করার পর মূল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ঢাকার আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আইটি ডিপার্টমেন্টে। মূল প্রতিযোগিতায় অংশ নেবে সারা দেশের সর্বমোট ৫০টি দল। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ই-বিজ-এর প্রধান সম্পাদক সাজু হোসেন বলেন, ই-বিজ এবং আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির যৌথ আয়োজনে 'এআইইউবি ট্যালেন্ট সার্চ ২০০৩' ভবিষ্যৎ প্রজন্মের মধ্য থেকে প্রতিভা খুঁজে বের করতে দেশের তথ্যপ্রযুক্তি অঙ্গনে এক নতুন মাত্রা যোগ করবে। এছাড়া তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, এই ট্যালেন্ট সার্চ প্রোগ্রামের মাধ্যমে সেইসব প্রতিভা বেরিয়ে আসবে যারা আগামীতে বাংলাদেশের নলেজ বেইজড সোসাইটিকে নেতৃত্ব দিবে। এআইইউবির ভাইস চ্যান্সেলর কারমেন জেড লামাগনা ট্যালেন্ট সার্চ প্রোগ্রামের সফল সমাপ্তি আশা করেন।

উল্লেখ করা যেতে পারে, কলেজ পর্যায়ে দেশে এ ধরনের এটি দ্বিতীয় উদ্যোগ। প্রথম অনুষ্ঠানটির আয়োজক ছিল বাংলাদেশ কম্পিউটার টিচার্স কাউন্সিল (বিসিটিসি) ও ইউনিভার্সিটি অফ



এশিয়া প্যাসিফিক ২০০১ সালের ২ ফেব্রুয়ারিতে হওয়া এই কম্পিটিশনে সারা দেশ থেকে মোট ৫১টি দল অংশ নেয়। এআইইউবির ফাউন্ডার মেম্বার নাদিয়া আনোয়ার জানান, প্রতিযোগিতায় বিচারক প্যানেলের চেয়ারম্যান হিসেবে থাকবেন ড. জাফর ইকবাল। প্রতিযোগিতায় পুরস্কার হিসেবে থাকছে প্রথম পুরস্কার তিনটি কম্পিউটার। দ্বিতীয় পুরস্কার তিনটি মোবাইল ফোন (লাইনসহ)। তৃতীয় পুরস্কার তিনটি মাল্টিমিডিয়া প্রোজেক্টর। এছাড়াও বিজয়ীদের জন্য তাদের ইউনিভার্সিটিতে পড়ার জন্য বিশেষ স্কলারশিপের কথাও তারা বিবেচনা করছেন। তিনি আরো জানান, আগামী দুতিনদিনের মধ্যেই রেজিস্ট্রেশনের নিয়মাবলী পত্রিকার মাধ্যমে জানা যাবে।

☐ হাসিব রহমান